


**“নিলাম বিজ্ঞপ্তি”**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নকলা উপজেলাধীন ৪নং গৌড়দ্বার ইউনিয়ন পরিষদের আওতায় উপজেলা পরিষদ প্রাঙ্গনে ৪৬টি টুকরা আকাশমনি গোলকট ও পাইকা বাইপাস মোড় হতে ভূটোমিয়ার বাড়ী পর্যন্ত মাটিতে পতিত ০৬টি আকাশমনি গাছ সরকারি নীতিমালা অনুযায়ী উন্মুক্ত নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। নিলাম ডাকে অংশগ্রহণকারীকে আগামী ২৯-০৯-২০২১খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ টায় নকলা উপজেলা পরিষদ হলরুমে উপস্থিত হয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। নিলাম কমিটির সিদ্ধান্তক্রমে সরকারি নীতিমালা অনুযায়ী সর্বোচ্চ ডাককারীর অনুকূলে বিক্রয়াদেশ প্রদান করা হবে। নিলাম কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

**শর্তাবলী :-**

- ০১। নিলাম ডাকের পূর্বেই নিলাম ডাককারীকে কর্তৃপক্ষের বরাবরে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বিডমানি হিসেবে অগ্রিম জমা দিতে হবে। (১ম ও ২য় সর্বোচ্চ ডাককারীর ক্ষেত্রে অফেরতযোগ্য)।
- ০২। সর্বোচ্চ ডাককারীকে বিক্রয়াদেশ প্রদানের পূর্বেই ডাকের সম্পূর্ণ টাকা পরিশোধ করতে হবে।
- ০৩। সর্বোচ্চ নিলাম ডাককারীকে নিলাম ডাকের উপর ১৫% ভ্যাট ও ৫% আইটি সরকারী কোষাগারে জমা দিতে হবে।
- ০৪। গাছগুলি যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় গ্রহণ করতে হবে।
- ০৪। বিক্রয়াদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নিজ খরচে সমস্ত গাছগুলি সরিয়ে নিতে হবে।
- ০৫। নির্ধারিত সময়ের মধ্যে নিলাম ডাকের সম্পূর্ণ টাকা জমা দিতে ব্যর্থ হলে অথবা কোন যৌক্তিক কারণ ছাড়া গাছগুলি সরিয়ে নিতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ বিক্রয়াদেশ বাতিল এবং বিড মানিসহ অবশিষ্ট বা সম্পূর্ণ গাছগুলি বাজেয়াপ্ত করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ০৬। কাজের সময় বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের কোন প্রকার অবহেলার কারণে কর্তৃপক্ষের কোন প্রকার ক্ষতি সাধিত হলে ক্ষতি পূরণ বাবদ দিগুণ পরিমাণ মূল্য বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে আদায় করা হবে।
- ০৭। উপরোক্ত শর্তাবলী, নিলাম বিজ্ঞপ্তির শর্তাবলী এবং পরবর্তী বিক্রয়াদেশের শর্তাবলী সমূহ সঠিকভাবে মেনে না চললে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বিক্রয়াদেশ বাতিলসহ অন্যান্য যে কোন ব্যবস্থা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ০৬। নিলাম বিষয়ে যাবতীয় তথ্যদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

  
জাহিদুর রহমান

উপজেলা নির্বাহী অফিসার  
নকলা, শেরপুর

☎ ০৯৩২৩-৭৫০০১


Email : unonakhla@mopa.gov.bd  
unonakhla@gmail.com

তারিখ : ২০-০৯-২০২১ খ্রিঃ

স্মারক নং : ০৫.৪৫.৮৯৬৭.০০১.০০.০০০.১২-৭৩২/১(৩০)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থ/কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, শেরপুর।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, শেরপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নকলা, শেরপুর।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), নকলা, শেরপুর।
- ৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নকলা, শেরপুর।
- ৬। চেয়ারম্যান, ..... ইউপি (সকল), নকলা, শেরপুর।
- ৭। উপজেলা প্রকৌশলী, নকলা, শেরপুর।
- ৮। উপজেলা ..... কর্মকর্তা, নকলা, শেরপুর।
- ৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নকলা, শেরপুর। (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধ সহ)।
- ১০। সম্পাদক, দৈনিক ..... পত্রিকা (তার বহুল প্রচারিত দৈনিকে নিলাম বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত আকারে প্রকাশের অনুরোধ সহ)।
- ১১। জনাব,.....
- ১২। নোটিশ বোর্ড অত্রাফিস।
- ১৩। অফিস কপি।

  
জাহিদুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার  
নকলা, শেরপুর